

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম

শিরোনামঃ উপজেলার মৎস্য উৎপাদনকারীদের ডাটাবেজ প্রস্তুত করে ওয়েবপোর্টালে আপলোড এবং এসএমএস এর মাধ্যমে জরুরী মৎস্য সেবা প্রদান।

১. পটভূমি

বাংলাদেশের আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণ ও অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি উন্নত বাংলাদেশ বিনির্মাণে মৎস্য খাতকে আরও বিকশিত করার মাধ্যমে সকল ধরনের মৎস্য সেবা সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছাতে আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। তারই ধারাবাহিতায় উদ্ভাবনী ও জনমুখী মৎস্য সেবা প্রতিষ্ঠা এবং সরকার ও নাগরিকের মধ্যে দূরত্ব কমানোর লক্ষ্যে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম উপজেলার মৎস্য উৎপাদনকারীদের ডাটাবেজ প্রস্তুত করে ওয়েবপোর্টালে আপলোড এবং এসএমএস এর মাধ্যমে জরুরী মৎস্য সেবা প্রদান উদ্যোগটি গ্রহণ করেছে।

২. উদ্যোগটি কেন গ্রহণ করা হয়েছে

মাছ উৎপাদনের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ভালো জাতের গুণগতমানসম্পন্ন পোনা মাছের সরবরাহ ও উৎপাদিত নিরাপদ মাছের প্রাপ্তি। বিদ্যমান ব্যবস্থায় গুণগতমানসম্পন্ন পোনা মাছ বা উৎপাদিত নিরাপদ মাছের উৎস জানতে হলে মাছ চাষি বা ক্রেতা/সুপারশপ/আড়তদারকে সরাসরি মৎস্য দপ্তরে যেতে হয় এবং কর্মকর্তা ও কর্মচারীদের সাথে সাক্ষাতের মাধ্যমে তথ্য পেতে হয়। এছাড়া দাপ্তরিক টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে তথ্য পাওয়ার সুযোগ থাকলেও অনেক সময় দাপ্তরিক নম্বরসমূহ মাছ চাষি/ক্রেতা/সুপারশপ/আড়তদারের কাছে থাকে না, প্রয়োজনের সময় মোবাইলে ব্যালেন্স থাকে না এবং অন্যান্য জটিলতার কারণে তা যথাসময়ে পাওয়া সম্ভব হয় না। অনেক সময় সরকারি-বেসরকারি পর্যায়ে বিভিন্ন সংস্থা, প্রতিষ্ঠান, কলেজ, বিশ্ববিদ্যালয় কর্তৃক গবেষণাধর্মী কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে গুণগতমানসম্পন্ন পোনা মাছ ও উৎপাদিত নিরাপদ মাছের অঞ্চল ও প্রজাতিভিত্তিক প্রাচুর্যতা এবং উৎপাদনকারীর তথ্য প্রয়োজন হয়।

এছাড়া অ্যাপস, সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অন্যান্য ভার্সুয়াল মাধ্যমভিত্তিক বাজার ব্যবস্থাপনার ক্ষেত্রে নিরাপদ মাছ উৎপাদনকারী ও পোনা উৎপাদনকারী তথ্য বর্তমান সময়ে একান্ত প্রয়োজন। উল্লিখিত বিষয়সমূহকে লক্ষ্য করে মৎস্য উৎপাদন, বিপণন, গবেষণা ও অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রমকে আরও গতিশীল করতে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম কর্তৃক ওয়েবপোর্টালে উপজেলার মৎস্য উৎপাদনকারীদের তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের উদ্ভাবনী উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। উদ্যোগটি বাস্তবায়িত হলে উপজেলা মৎস্য দপ্তরের ওয়েবপোর্টালে উপজেলার সকল মৎস্য উৎপাদনকারীদের তথ্য উন্মুক্ত থাকবে, যার মাধ্যমে আগ্রহী নাগরিকগণ যে কোন মুহূর্তে, যে কোন স্থান থেকে চাহিদানুযায়ী বাণিজ্যিকভাবে গুণগতমানসম্পন্ন পোনা মাছ ও উৎপাদিত নিরাপদ মাছের প্রাপ্তিস্থান সম্পর্কে অবগত হতে পারবেন। এছাড়াও উপজেলা মৎস্য দপ্তর হতে ঋতু ভিত্তিক মৎস্য চাষের বিভিন্ন পরামর্শ এবং জরুরী পরিস্থিতিতে প্রয়োজনীয় পরামর্শ টেক্সট মেসেজ আকারে সকল মৎস্য চাষীর কাছে পৌঁছানো সম্ভব হবে।

৩. বাস্তবায়ন প্রক্রিয়া

উপজেলা মৎস্য দপ্তরের ক্ষেত্র সহকারীগণের নেতৃত্বে ইউনিয়নে নিয়োজিত লিফদের মাধ্যমে উপজেলার সকল মাছ ও পোনা উৎপাদনকারীর তথ্য সংগ্রহ করা হবে। তথ্য সংগ্রহের সঠিকতা নিশ্চিত করার জন্য তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। তথ্য সংগ্রহকালে পুকুরের আয়তন, মাছ চাষের ধরণ, উৎপাদনকারীর ব্যক্তিগত তথ্য ইত্যাদি বিষয় যাতে নির্ভুলভাবে সম্পন্ন করা যায় সে বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

৪. লগ ফ্রেইম (Log Frame)

ক্র. নং	কার্যক্রম	সময়কাল (২০২২-২৩)							
		আগস্ট	সেপ্টে	অক্টো	নভে	ডিসে	জানু	ফেব্রু	মার্চ
১	পরিকল্পনা প্রনয়ন								
২	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ								
৩	তথ্য যাচাই								
৪	প্রতিবেদন প্রস্তুত ও পোর্টালে আপলোডকরণ								
৫	এসএমএস এর মাধ্যমে সেবা প্রদান								

৫. প্রত্যাশিত ফলাফল

- অল্প সময়ে মাছচাষ সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য খামারীদের কাছে পৌঁছানো সম্ভব হবে।
- অফিসে যাতায়াতের জন্য সময়ের অপচয় হবে না।
- আগ্রহী নাগরিকগণের অতিরিক্ত অর্থ ব্যয় হবে না।
- তাৎক্ষণিকভাবে যে কোন স্থান থেকে ওয়েব পোর্টাল থেকে মৎস্য উৎপাদনকারীর তথ্য সংগ্রহ করা যাবে।
- গবেষণাধর্মী কার্যক্রম সহায়ক হবে।

মোঃ শাহাদৎ হোসেন
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম
মোবাইলঃ ০১৭২২৪১০৫৮০
ই-মেইলঃ ms.hossain009@gmail.com